



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি শাহ সুলতান কলেজ, বগুড়া।




বিজ্ঞপ্তি নং- সশাসুক/বগ/২০২৩/-০১৬(ক)

তারিখ: ০৯/০৭/২০২৩ খ্রি.

সূত্র : মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর-০৪.০০.০০০০.৫১৪.৯৯.০০১.২৩.৪৭১, তারিখ: ২২ জুন ২০২৩ খ্রি.


এতদ্বারা অত্র কলেজের শিক্ষার্থীদেরকে জানানো যাচ্ছে যে, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস-২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও দর্শনকে উপজীব্য করে 'আমার চোখে বঙ্গবন্ধু' বিষয়ে এক মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরির নিমিত্তে জাতীয় প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয়ের সংযুক্ত বিজ্ঞপ্তিতে উল্লিখিত প্রতিযোগিতার নিয়মাবলি অনুসরণপূর্বক ভিডিও তৈরি করে পেনড্রাইভের মাধ্যমে আগামী ১৬/০৭/২০২৩ তারিখ সকাল ১০.০০টার মধ্যে ইসলামিক স্টাডিজ বিভাগের প্রভাষক জনাব মোনারুল ইসলাম এর নিকট জমা দানের জন্য বলা হলো।

প্রতিস্বাক্ষর


-অধ্যক্ষ- ০৯/০৭/২০২৩

সরকারি শাহ সুলতান কলেজ, বগুড়া।

অধ্যক্ষ
সরকারি শাহ সুলতান কলেজ
বগুড়া।


০৯/০৭/২০২৩


০৯.০৭.২০২৩

(ড. মো. কামাল উদ্দিন শামীম)

আহ্বায়ক

জাতীয় শোক দিবস-২০২৩ পালন কমিটি
সরকারি শাহ সুলতান কলেজ, বগুড়া।

অনুলিপি:

১. উপাধ্যক্ষ, অত্র কলেজ।
২. সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ।
৩. বিভাগীয় প্রধান, সকল বিভাগ, অত্র কলেজ।
৪. কলেজ ওয়েবসাইট।
৫. কলেজ নোটিশ বোর্ড।
৬. সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
উপজেলা: ...মহা... জেলা: ...রংপুর...

বিজ্ঞপ্তি নম্বর:

তারিখ: ... আষাঢ় ১৪৩০
... জুন ২০২০

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০২০ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও দর্শনকে উপজীব্য করে “আমার চোখে বঙ্গবন্ধু” বিষয়ে এক মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরি করার জাতীয় প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে। উপজেলার সকল স্কুল-কলেজ ও তদুর্ধ্ব পর্যায়ের ছাত্র/ছাত্রীদের প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হল;

প্রতিযোগিতার নিয়মাবলী

- ক) ভিডিওটি প্রস্তুত করে মেইল/পেন ড্রাইভ/ড্রাইভ লিংকের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার-এর নিকট আগামী ১৬ জুলাই ২০২০ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। তবে, এক্ষেত্রে ড্রাইভ লিংকের এক্সেস পাবলিক ভিউ থাকতে হবে;
- খ) ভিডিও ধারণের ক্ষেত্রে যেকোন মোবাইল ফোন বা ক্যামেরা নির্বাচন করা যেতে পারে;
- গ) মোবাইলে ভিডিওটি ধারণের ক্ষেত্রে আড়াআড়িভাবে (১৬:৯ অনুপাত) করতে হবে;
- ঘ) ভিডিও ধারণের সময় স্থির ভিডিও পেতে ট্রাইপড বা স্ট্যান্ড ব্যবহার করা সব থেকে সুবিধাজনক হবে;
- ঙ) ভিডিও ধারণের সময় অপ্রয়োজনীয় শব্দ (নেয়েজ) বাদ দিতে হবে;
- চ) ভিডিওতে বক্তব্য স্পষ্ট হতে হবে;
- ছ) কপিরাইট রয়েছে এমন ভিডিও বা অডিও ব্যবহার থেকে বিরত থাকতে হবে;
- জ) ভিডিওটির ব্যাপ্তি সর্বোচ্চ ০১ মিনিট হতে হবে;
- ঝ) ভিডিও সম্পাদনার সময় লক্ষ্য রাখতে হবে যেন দর্শকের দৃষ্টিকোণ থেকে যথাযথভাবে ভিডিওটি উপস্থাপিত হয়;
- ঞ) ভিডিও'র মধ্যে প্রতিযোগীর নাম, শ্রেণি, প্রতিষ্ঠানের নাম, উপজেলার নাম এবং মোবাইল নম্বর দিতে হবে; এবং
- ট) ভিডিও নির্মাণ সংক্রান্ত যেকোন পরামর্শ বা সহযোগিতা পেতে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে। যোগাযোগ নম্বর:, ই-মেইল:

অনুরোধক্রমে,

উপজেলা নির্বাহী অফিসার
উপজেলা: ...মহা..., জেলা: ...রংপুর...